



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নংঃ এনএইচআরসিবি/ প্রেস বিজ্ঞঃ ২৩৯/১৩- ১৮

তারিখঃ ১৯ আগস্ট ২০১৮

প্রেস বিজ্ঞপ্তি -

কফি আনান- এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ

জাতিসংঘের প্রথম কৃষ্ণাঙ্গ মহাসচিব ও নোবেল শান্তি পুরস্কার বিজয়ী কফি আনান এর মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যান কাজী রিয়াজুল হক।

তিনি বলেন, “বিশ্বজুড়ে শান্তি ও মানবাধিকার প্রতিষ্ঠায় কফি আনানের ভূমিকা অতুলনীয়। মানবাধিকার প্রতিষ্ঠার লক্ষ্য নিয়ে তিনি বিশ্বের সর্বত্রই পীড়িত মানুষের কাছে আত্মত্যাগ ও গভীর সমবেদনা নিয়ে ছুটে বেড়িয়েছেন। মিয়ানমারে নির্মম নিপীড়নের শিকার রোহিঙ্গাদের পাশে দাঁড়িয়েছেন। **‘অ্যাডভাইজরি কমিশন অন রাখাইন স্টেট’** এর চেয়ারম্যান হিসাবে রোহিঙ্গা সমস্যা সমাধানে তিনি রোহিঙ্গাদের দেশ ছেড়ে পালিয়ে আসার বিষয়টি বিশ্ববাসীর সামনে তুলে ধরেছেন এবং এই সমস্যা সমাধানে যেসকল সুপারিশ প্রদান করেছেন সেজন্য তিনি চিরস্মরণীয় হয়ে থাকবেন। আমি তাঁর মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করছি। শোকসন্তপ্ত পরিবারের সদস্যদের প্রতি আন্তরিক সমবেদনা জ্ঞাপন করছি।”

ধন্যবাদান্তে,

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন

মোবাঃ ০১৭৯০৫৩৬৯৩৬